বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই)-এর পরিচালক (প্রশিক্ষণ) মহোদয়ের উদ্যোগ ও আয়োজনে **"Workshop on Proposed Training Plan 2026–2027"** শীর্ষক একটি কর্মশালা গত ২৯ জুন ২০২৬ খ্রি: তারিখ বিপিএমআই পূর্বাচল ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ১৭ জন ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ কর্মশালায় অংশগ্রহণ করেন। উক্ত কর্মশালায় ২০২৬–২০২৭ অর্থবছরের প্রস্তাবিত প্রশিক্ষণ পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা, মতবিনিময় এবং অংশগ্রহণকারীদের মূল্যবান মতামত ও সুপারিশ গ্রহণ করা হয়। বিদ্যুৎ খাতের মানবসম্পদ উন্নয়ন, দক্ষতা বৃদ্ধি এবং সময়োপযোগী প্রশিক্ষণ কার্যক্রম প্রণয়নের লক্ষ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় পর্যালোচনা করা হয়। অংশগ্রহণকারীদের গঠনমূলক মতামত ও সুপারিশের আলোকে একটি আধুনিক, কার্যকর ও চাহিদাভিত্তিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়নে এ কর্মশালা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।




